

“কৃষিই সমৃদ্ধি”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
ঘোড়াঘাট, দিনাজপুর।



ই-মেইল: [uaoghoradin@gmail.com](mailto:uaoghoradin@gmail.com)


## অফিস আদেশ

নং- ২১০

তারিখ: ০৩/০৩/২০২৪খ্রি:

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর এর কর্মরত সকল উপসহকারী কৃষি কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর মহোদয়ের টেলিফোনিক নির্দেশনা মোতাবেক নিম্নলিখিত কাজগুলো যথাযথভাবে সম্পূর্ণ করার নির্দেশ প্রদান করা হলো।

- ১। প্রতিটি ব্লকের ১২ টি দলের সিডিউল মোতাবেক নিয়মিত উঠান বৈঠক সফল করতে হবে এবং প্রমাণক হিসাবে উপসহকারী কৃষি কর্মকর্তাদের ডিজিট সিডিউল, উপসহকারী কৃষি কর্মকর্তা ডায়েরি ও রেজিস্টারে আলোচ্য বিষয় বস্তু লিখিত থাকতে হবে।
- ২। সকল প্রকল্পের প্রদর্শনীর নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে এবং প্রদর্শনীভুক্ত নির্বাচিত কৃষকের তালিকা ০৭ দিন পূর্বে অত্র কার্যালয়ে জমা প্রদান করতে হবে।
- ৩। সকল প্রদর্শনী স্থাপনের সময় উপসহকারী কৃষি কর্মকর্তাগণ উপস্থিত থাকতে হবে এবং প্রদর্শনী স্থাপনের তারিখ এসএএও ডায়েরিতে লিপিবদ্ধ করতে হবে।
- ৪। শতভাগ পার্চিং নিশ্চিত করতে হবে।
- ৫। নিয়মিত মাঠ ভিজিটিং এর মাধ্যমে মাঠে দণ্ডায়মান ফসলের রোগবালাইয়ের উপস্থিতি মনিটরিং করতে হবে।
- ৬। রোগ-বালাইয়ের উপস্থিতি দেখা দিলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করতে হবে এবং প্রতিকারের জন্য কৃষককে পরামর্শ ও ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৭। সংশ্লিষ্ট ব্লকের সকল প্রকার তথ্যউপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।



(মোঃ রফিকুলজামান)

উপজেলা কৃষি অফিসার

ঘোড়াঘাট, দিনাজপুর।

[uaoghoradin@gmail.com](mailto:uaoghoradin@gmail.com)

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো

১। ..... উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল), উপজেলা কৃষি অফিস ঘোড়াঘাট, দিনাজপুর।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলো

১। অতিরিক্ত কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস, ঘোড়াঘাট, দিনাজপুর।

২। কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, ঘোড়াঘাট, দিনাজপুর।

৩। অফিস কপি।